# চলতি বছরেই ৪১ লাখ পরিবার পাবে ফ্যামিলি কার্ড: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

চলতি বছর ৪১ লাখ পরিবারকে ফ্যামিলি কার্ড দেওয়ার পরিকল্পনার কথা জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একই সঙ্গে বিদ্যুৎ ও জ্বালানি সংকট কাটাতে সরকার কাজ করছে বলে জানিয়েছেন তিনি।

শুক্রবার (১১ সেপ্টেম্বর) বিকেলে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের কার্যালয়ে ঢাকা-১৭ আসনের মসজিদ ও মন্দির কর্তৃপক্ষের কাছে অনুদানের চেক হস্তান্তর অনুষ্ঠানে এসব কথা বলেন প্রধানমন্ত্রী।

তারেক রহমান বলেন, বিদ্যুৎ ও জ্বালানি সংকট শুধু বাংলাদেশের নয়, এটি বৈশ্বিক সমস্যায় পরিণত হয়েছে। এর প্রভাব বাংলাদেশেও পড়ছে। পরিস্থিতি মোকাবিলায় সরকার বিভিন্ন উদ্যোগ নিচ্ছে। পাশাপাশি দেশে ১৩০টি গ্যাসকূপ অনুসন্ধানের কাজ চালানোর চেষ্টা করা হচ্ছে বলে জানান তিনি।

দেশের উন্নয়ন ও অগ্রগতির জন্য সবাইকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান প্রধানমন্ত্রী। অবৈধ কর্মকাণ্ড ও অন্যায়ের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার কথাও বলেন তিনি। রাষ্ট্রীয় সম্পদ কোনো ব্যক্তি বা গোষ্ঠীর স্বার্থে ব্যবহার করতে দেওয়া হবে না বলে জানান প্রধানমন্ত্রী।

তিনি বলেন, অতীতে রাষ্ট্রীয় সম্পদ ব্যক্তিগত স্বার্থে ব্যবহারের ঘটনা ঘটেছে। ভবিষ্যতে যাতে এমন সুযোগ কেউ না পায়, সে বিষয়ে সরকার সর্বোচ্চ সতর্ক থাকবে।

অনুষ্ঠানে ঢাকা-১৭ আসনের ২৮টি মসজিদের জন্য প্রতিটিতে ২ লাখ ৪৭ হাজার টাকা করে অনুদানের চেক দেওয়া হয়। এছাড়া শারদীয় দুর্গাপূজা উপলক্ষে ১০টি মন্দিরকে ৩ লাখ টাকা করে মোট ৩০ লাখ টাকা সহায়তা দেওয়া হয়।